

স্বাধীনতা

তারিখ: 06 JAN-2015
পৃষ্ঠা - ২ - কাল - ৩

**প্রাথমিক ও গণশিক্ষা
মন্ত্রণালয়ের নিয়োগ
পরীক্ষা শুক্রবার**

■ সমকাল প্রতিবেদক

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন পদে নিয়োগের লিখিত পরীক্ষা আগামী ৯ জানুয়ারি শুক্রবার অনুষ্ঠিত হবে। তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির (পিইডিপি-৩) আওতায় মোট ১৫টি পদে নিয়োগের জন্য এ লিখিত পরীক্ষা ওইদিন সকাল ১০টায় ঢাকার মতিঝিলের আইডিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে পরদিন ১০ জানুয়ারি সকাল ১০টায় ঢাকার মিরপুর-২-এ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে।

নিয়োগ পরীক্ষার পদগুলো হলো-
সিস্টেম এনালিস্টের ১টি,
পরিসংখ্যানবিদের ২টি, মেইনটেন্যান্স
প্রকৌশলীর ১টি, ইন্সট্রাক্টরের
(কম্পিউটার সায়েন্স) ৬টি, ইন্সট্রাক্টরের
(ইউআরসি) ১টি, সহকারী ইন্সট্রাক্টরের
(ইউআরসি) ৩টি ও সহকারী হিসাব
রক্ষণ কর্মকর্তার ১টি পদ।